ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
উপজেলা কার্যালয়
ছাতক, সুনামগঞ্জ।

স্বারক নম্বর- ৪৭.৬৫.৯০২৩.৫২৪.৩৬.০১৯.২৩.০১ তারিখঃ ২০/০৬/২০২৩খ্রিঃ

**বরাবরঃ** আঞ্চলিক ব্যবস্থাপক
ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
সুনামগঞ্জ।

**বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) প্রতিবেদন প্রেরণ প্রসংগে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ছাতক উপজেলা কার্যালয়ের ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) প্রতিবেদন আপনার সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ১৭ পাতা।

আপনার বিশ্বস্ত

**(মোফাজ্জল হোসাইন)**
সিনিয়র উপজেলা ব্যবস্থাপক
উপজেলা কার্যালয়
ছাতক, সুনামগঞ্জ।

সিনিয়র উপজেলা ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন,
উপজেলা কার্যালয়, ছাতক,সুনামগঞ্জ।

এবং

আঞ্চলিক ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, আঞ্চলিক কার্যালয়,সুনামগঞ্জ **এর মধ্যে স্বাক্ষরিত**

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

## ১ জুলাই, ২০২৩ – ৩০ জুন, ২০২৪

# সূচিপত্র

ক্ষুদ্র কৃষক উনন্নয়ন ফাউন্ডেশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র.................................................... ৩

উপক্রমণিকা ........................................................................................ ৪

সেকশন ১ : রূপকল্প (vision), অভিলক্ষ (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি............................. ৫

সেকশন ২ : ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .............. ৬

সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ......................................... ৭

সংযোজনী ১ : শব্দসংক্ষেপ .......................................................................................................... ১২

সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি ........................................................................... ১৩

সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা.............................. ১৭

# ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of Small Farmers Development Foundation)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন ১৯৯৪ সালের কোম্পানী আইনের অধীনে প্রতিষ্ঠিত একটি সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠান। দেশের পল্লী অঞ্চলে বসবাসরত ভূমিহীন, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন তথা দারিদ্র্য বিমোচনই এর প্রধান লক্ষ্য । ফাউন্ডেশনের ঋণ কার্যক্রম ফেব্রুয়ারি, ২০০৭ হতে শুরু হয়ে বর্তমানে দেশের ৩৬টি জেলার ১৭৩টি উপজেলায় পরিচালিত হচ্ছে। ফাউন্ডেশনের আওতায় গত ০৩ বছরে গ্রাম পর্যায়ে ৩২টি সমিতি গঠনের মাধ্যমে ৬৬২ জন নারী/পুরুষকে সদস্যভূক্ত করা হয়। এ সকল সদস্যকে তাঁদের কৃষি উৎপাদন বৃদ্ধি, আত্ম-কর্মসংস্থান ও আয় বৃদ্ধিমূলক কার্যক্রমে এ সময়ে মোট ৯০৬.১০ লক্ষ টাকা জামানতবিহীন ক্ষুদ্র ঋণ এবং ক্ষুদ্র উদোক্তা ঋণ বিতরণ করা হয়। একই সময়ে সাপ্তাহিক কিস্তির মাধ্যমে মোট ৭৯৬.২৬ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়। আদায়যোগ্য ঋণ আদায়ের হার শতকরা ৯৮.৮২ ভাগ। সদস্যগণ ঋণ বিনিয়োগের আয় থেকে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে এ সময়ে মোট ৩০.৭৮ লক্ষ টাকা 'নিজস্ব পুঁজি' গঠন করেছেন। একই সময়ে ০২ জন কর্মকর্তা/কর্মচারীকে দক্ষতা উন্নয়ন এবং ৩০ জন সুফলভোগীকে আয় বর্ধনমূলক কার্যক্রম এবং উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ফাউন্ডেশনের সুফলভোগীদের শতকরা ৯৪ ভাগই নারী।

- **সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

সুফলভোগীদের উদ্বুদ্ধকরণ, উপযুক্ত প্রশিক্ষণ ও প্রশিক্ষণ পরবর্তী সঠিক জীবিকায়নে নিয়োজিত করা একটি দুরূহ কাজ। তৃণমূল পর্যায়ে ঋণ কার্যক্রমে সমন্বয়হীনতা ও দ্বৈততা একটি বড় সমস্যা। ফাউন্ডেশনের কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতার জন্য সরকার অর্থ প্রদান করে না। সরকার কর্তৃক প্রদত্ত আবর্তক ঋণ তহবিলের মাধ্যমে বিতরণকৃত ঋণের ১১% সার্ভিস চার্জের ১০% সার্ভিস চার্জ দিয়ে কর্মকতা/কর্মচারীদের বেতন-ভাতা ও পরিচালন ব্যয় নির্বাহ করা কঠিন হয়ে পড়ে। জাতীয় বেতন স্কেল সরকারি পর্যায়ে যথাসময়ে বাস্তবায়ন করা গেলেও এ ফাউন্ডেশনে জাতীয় বেতনস্কেল অনুকরণে বেতনস্কেল বাস্তবায়নে বিলম্ব হয়। এতে কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে হতাশা সৃষ্টি হয় ফলে কার্যক্রম বাস্তবায়নে বড় ধরণের চ্যালেঞ্জে পড়তে হয়।

- **ভবিষ্যৎ পরিকল্পনা:**

ফাউন্ডেশনের সুফলভোগীদের সচেতনতা বৃদ্ধির নিমিত্ত আগামী ৩ বছরে ৩৫ সুফলভোগী সদস্যকে আয়বর্ধণমূলক কার্যক্রমের উপর দক্ষতা বৃদ্ধিমূলক এবং ঋণ ও সঞ্চয় কার্যক্রমের উপর উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হবে। আগামী ৩ বছরে ৭০ নারী/পুরুষকে সদস্যভুক্তি করে তাঁদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে ৩ (তিন) কোটি টাকা জামানতবিহীন ঋণ প্রদানের মাধ্যমে ৬০ জন ভূমিহীন, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করা হবে।

## ২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ❑ ১টি অনানুষ্ঠানিক সমিতি গঠনের মাধ্যমে ৫০ জন নারী/পুরুষকে সদস্যভুক্ত করা হবে।
- ❑ সুফলভোগী সদস্যদের মাঝে আয়বর্ধনমূলক কার্যক্রমে ০১(এক) কোটি টাকা জামানতবিহীন ঋণ প্রদান করা হবে।
- ❑ আয়বর্ধনমূলক কর্মকান্ডে ৩০ নারীকে নিয়োজিত করা হবে।
- ❑ সুফলভোগীদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে ০১ (এক) লক্ষ টাকা পুঁজি গঠনে উদ্বুদ্ধ করা হবে।

## উপক্রমণিকা (Preamble)

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প-২০২৪ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সিনিয়র উপজেলা ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, উপজেলা কার্যালয়, ছাতক ,সুনামগঞ্জ।

এবং

আঞ্চলিক ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, আঞ্চলিক কার্যালয়,সুনামগঞ্জ এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## সেকশন ১

# ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)-এর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

পল্লী অঞ্চলে বসবাসরত ভূমিহীন, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন এবং দারিদ্র্য হ্রাসকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

পল্লী অঞ্চলে বসবাসরত ভূমিহীন, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের সদস্যদেরকে কেন্দ্রভুক্ত করে জামানতবিহীন ক্ষুদ্রঋণ ও ক্ষুদ্র উদ্যোক্ত ঋণ এবং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন এবং উন্নয়ন কর্মকান্ড ও ক্ষমতায়নে এসব পরিবারের নারীদেরকে সম্পৃক্তকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. পল্লীর ভূমিহীন, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের জনগোষ্ঠীকে সংগঠিত করে আয়বর্ধনমূলক কর্মকান্ডে সম্পৃক্ত করা

২. দক্ষ মানব সম্পদ তৈরির মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ।

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি।

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি (Functions):

১। গ্রাম পর্যায়ে ভূমিহীন, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের নারী/পুরুষকে সংগঠিতকরণ;

২। সংগঠিত নারী/পুরুষকে তাদের উৎপাদন, আত্ম-কর্মসংস্থান ও আয় বৃদ্ধিমূলক কার্যক্রম বাস্তবায়নে জামানতবিহীন ক্ষুদ্রঋণ ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ প্রদান;

৩। ঋণ বিনিয়োগের আয় থেকে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় আমানত জমার মাধ্যমে নিজস্ব পুঁজি গঠনে উদ্বুদ্ধকরণ;

৪। সুফলভোগী সদস্যের জন্য দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজন; এবং

৫। সুফলভোগী সদস্যগণকে অর্থনৈতিক কার্যক্রমের পাশাপাশি সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম যেমনঃ ছেলে-মেয়েদের শিক্ষা, স্বাস্থ্য-পুষ্টি, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবার কল্যাণ ইত্যাদি কার্যক্রম গ্রহণে উদ্বুদ্ধকরণ ও সহযোগিতা প্রদান ।

## সেকশন-২

## ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০২২-২০২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২০-২০২১ | ২০২১-২০২২ | | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | | |
| পল্লী অঞ্চলে স্বাবলম্বী ও উপকার ভোগীর সংখ্যা বৃদ্ধি | সেবা প্রদানের লক্ষ্যে উপকারভোগী সম্পৃক্তকরণ | জন (লক্ষ) | ০.০০৬৯৭ | ০.০০৬৭৬ | ০.০০৬৯০ | ০.০০৬৯৫ | ০.০০৭০০ | উপজেলা কার্যালয় ছাতক,সুনামগঞ্জ। | এসএফডিএফ এর অনলাইন প্রতিবেদন |
| আয় বর্ধনমূলক কর্মকান্ডে উপকারভোগী নিয়োজন | উপকারভোগীর কর্মসৃজন | জন (লক্ষ) | ০.০০১২০ | ০.০০১৫০ | ০.০০১০০ | ০.০০১০৫ | ০.০০১১০ | উপজেলা কার্যালয় ছাতক,সুনামগঞ্জ। | এসএফডিএফ এর অনলাইন প্রতিবেদন |
| আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজনের মাধ্যমে নারীদের ক্ষমতায়ন | নারীর কর্মসৃজন | জন (লক্ষ) | ০.০০১১০ | ০.০০১২০ | ০.০০১২৫ | ০.০০১৩০ | ০.০০১৩৫ | উপজেলা কার্যালয় ছাতক,সুনামগঞ্জ। | এসএফডিএফ এর অনলাইন প্রতিবেদন |

* সাময়িক

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ (Target /Criteria Value for FY 2022-2023) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ | প্রক্ষেপণ (Projection) ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২০-২১ | ২০২১-২২ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ১. পল্লীর ভূমিহীন, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের জনগোষ্ঠীকে সংগঠিত করে আয়বর্ধক কর্মকাণ্ডে সম্পৃক্ত করা | ৬০ | ১.১ অনানুষ্ঠানিক সমিতি গঠনের মাধ্যমে জনগণকে সংগঠিত করা | ১.১.১ গঠিত অনানুষ্ঠানিক সমিতি | সমষ্টি | সংখ্যা | ৪ | ১ | ৫ | - | - | - | - | - | ১ | ১ |
| | | | ১.১.২ অনানুষ্ঠানিক সমিতির মাধ্যমে সদস্যভুক্তি | সমষ্টি | জন (লক্ষ) | ৪ | ০.০০০৯১ | ০.০০১৭৫ | ০.০০০৫০ | ০.০০০৪৫ | ০.০০০৪০ | ০.০০০৩৫ | ০.০০০৩০ | ০.০০০৫৫ | ০.০০০৬০ |
| | | ১.২ সদস্যদের বিনিয়োগ সক্ষমতা বৃদ্ধি | ১.২.১ বিতরণকৃত ঋণের পরিমান | সমষ্টি | টাকা (কোটি) | ৬ | ১.৪০ | ২.৫০ | ২.৫০ | ২.৪০ | ২.৩০ | ২.২৫ | ২.২০ | ২.২০ | ২.৫০ |
| | | | ১.২.২ আদায়কৃত ঋণের পরিমান | সমষ্টি | টাকা (কোটি) | ৬ | ১.৫৩ | ২.১১ | ২.০০ | ১.৯০ | ১.৮০ | ১.৭০ | ১.৬০ | ১.৬০ | ১.৭০ |
| | | | ১.২.৩ সার্ভিস চার্জ আদায় | সমষ্টি | টাকা (কোটি) | ৬ | ০.১৫ | ০.২০ | ০.২০ | ০.১৮ | ০.১৬ | ০.১৫ | ০.১৪ | ০.১৫ | ০.১৬ |
| | | | ১.২.৪ আদায়যোগ্য ঋণ আদায়ের হার | ক্রমপুঞ্জিভুত | % | ৪ | ৯৮.৮২% | ৯৮.২০% | ৯৫% | ৮৫.৫০% | ৭৬% | ৬৬.৫% | ৫৭% | ৯৬% | ৯৭% |
| | | | ১.২.৫ খেলাপি ঋণের পরিমাণ (স্থিতি) | ক্রমপুঞ্জিভুত | টাকা (কোটি) | ৪ | ০.০৭ | ০.০৮ | ০.০৫ | ০.০৬ | ০.০৮ | ০.০৯ | ০.১০ | ০.০৫ | ০.০৬ |
| | | ১.৩ অনানুষ্ঠানিক সমিতির সদস্যদের সদস্যদের ঋণ সহায়তার মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থান সৃষ্টি | ১.৩.১ আত্ন-কর্মসংস্থান সৃজিত উপকার ভোগীর সংখ্যা | সমষ্টি | জন (লক্ষ) | ৪ | ০.০০০৭ | ০.০০০৮ | ০.০০০৮ | ০.০০০৭ | ০.০০০৬ | ০.০০০৫ | ০.০০০৪ | ০.০০০৮ | ০.০০০৯ |
| | | | ১.৩.২ ঋণ গ্রহীতা | সমষ্টি | জন (লক্ষ) | ৪ | ০.০০৩৫৫ | ০.০০৪৪৫ | ০.০০৪ | ০.০০৩৫ | ০.০০৩ | ০.০০২৫ | ০.০০২০ | ০.০০৪ | ০.০০৪৫ |

| কৌশলগত উদ্দেশ্য **(Strategic Objectives)** | কৌশলগত উদ্দেশ্যের মান **(Weight of Strategic Objectives)** | কার্যক্রম **(Activities)** | কর্মসম্পাদন সূচক **(Performance Indicators)** | গণনা পদ্ধতি (Calculation) | একক **(Unit)** | কর্মসম্পাদন সূচকের মান **(Weight of Performance Indicators)** | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ **(Target /Criteria Value for FY 2022-2023)** | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ | প্রক্ষেপণ (Projection) ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২০-২১ | ২০২১-২২ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | ১.৪ পল্লীর নারীদের জন্য আয়বর্ধক কর্মসূচি গ্রহণ | ১.৪.১ নারীর ক্ষমতায়ন | সমষ্টি | জন (লক্ষ) | ৪ | ০.০০০৮ | ০.০০০৯ | ০.০০০৯ | ০.০০০৮ | ০.০০০৭ | ০.০০০৬ | ০.০০০৫ | ০.০০০৮ | ০.০০০৯ |
| | | ১.৫ পল্লীর জনগণের জন্য আয়বর্ধণমূলক কর্মসুচি গ্রহণ | ১.৫.১ আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত পুরুষ | সমষ্টি | জন (লক্ষ) | ৩ | ০.০০০০৭ | ০.০০০০৮ | ০.০০০০৮ | ০.০০০০৭ | ০.০০০০৬ | ০.০০০০৫ | ০.০০০০৪ | ০.০০০২ | ০.০০০৩ |
| | | ১.৬ ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে মূলধন গঠন | ১.৬.১ মূলধন গঠন | সমষ্টি | টাকা (কোটি) | ৫ | ০.১৩ | ০.০৮ | ০.০৯ | ০.০৮১ | ০.০৭২ | ০.০৬৩ | ০.০৬ | ০.০১০ | ০.০১১ |
| | | ১.৭ 'মুজিব বর্ষ' উদযাপন উপলক্ষে কার্যক্রম গ্রহণ | ১.৭.১ উপজেলা পর্যায়ে সদস্য সমাবেশ অনুষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ৩ | - | ১ | ১ | - | - | - | - | ১ | ২ |
| | | | ১.৭.২ দারিদ্র্য বিমোচনে/ পল্লী উন্নয়নে বঙ্গবন্ধুর অবদান বিষয়ে কেন্দ্র পর্যায়ে সুফলভোগীদের প্রশিক্ষণ আয়োজন | সমষ্টি | জন | ৩ | - | ১ | ১ | - | - | - | - | ১ | ২ |
| ২. দক্ষ মানব সম্পদ তৈরির মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি। | **১৫** | ২.১ অনানুষ্ঠানিক সমিতির সদস্যদের মধ্যে উদ্দুদ্ধকরণ/ আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান | ২.১.১ আয় বর্ধনমূলক কার্যক্রমে প্রশিক্ষণ গ্রহণকারী | সমষ্টি | জন (লক্ষ) | ৫ | ০.০০০৫ | ০.০০০৭ | ০.০০০৯ | ০.০০০৮১ | ০.০০০৭২ | ০.০০০৬৩ | ০.০০০৬ | ০.০০০৯ | ০.০০০১০ |
| | | | ২.১.২ উদ্দুদ্ধকরণমূলক প্রশিক্ষণ গ্রহণকারী | সমষ্টি | জন (লক্ষ) | ৫ | ১০ | ১২ | ৩২ | ২৮ | ২৫ | ২২ | ১৯ | ৩৪ | ৩৫ |
| | | ২.২ পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তা, কর্মীদের প্রশিক্ষণ প্রদান | ২.২.১ প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং এনজিও কর্মী | সমষ্টি | জন | ৫ | - | ২ | ৪ | ৩ | ২ | ১ | ১ | ৪ | ৪ |

* সাময়িক

# মাঠ পর্যায়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০২০-২১

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রারমান২০২২-২৩ | | | | |
| কৌশলগতউদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগতউদ্দেশ্যেরমান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনসুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদনসূচকেরমান (Weight of Performance Indicator) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | সংখ্যা | ২ | ২৫-২-২১ | ২৫-৩-২১- | ২৫-৪-২১ | ২৫-৫-২১ | - |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | - |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্বপ্রত্যেককর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৫-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি,সিনিয়র উপজেলা ব্যবস্থাপক, উপজেলা কার্যালয়, ছাতক, সুনামগঞ্জ ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এর আঞ্চলিক ব্যবস্থাপক সুনামগঞ্জ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সিনিয়র উপজেলা ব্যবস্থাপক<br>উপজেলা কার্যালয়<br>ছাতক,সুনামগঞ্জ<br>ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন। | তারিখ |
| আঞ্চলিক ব্যবস্থাপক<br>আঞ্চলিক কার্যালয়<br>সুনামগঞ্জ ।<br>ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন। | তারিখ |

## সংযোজনী-১

## শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দ সংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১. | বিআরডিবি | বাংলাদেশ রূরাল ডেভেলপমেন্ট বোর্ড |
| ২. | আইজিএ | ইনকাম জেনারেটিং এ্যাক্টিভিটিজ (আয়বর্ধনমূলক কার্যক্রম) |
| ৩. | পিডিবিএফ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন |
| ৪. | এসএফডিএফ | স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন |

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী প্রকার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ,অধিশাখা ঋইউনিট | প্রমাণকের উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | ১.১ অনানুষ্ঠানিক সমিতি গঠনের মাধ্যমে জনগণকে সংগঠিত করা | ১.১.১ গঠিত অনানুষ্ঠানিক সমিতি | সমবায় সমিতির আওতায় নিবন্ধিত নয় এমন অনানুষ্ঠানিক সমিতি গঠন। প্রতিটি সমিতিতে উপকারভোগীর সংখ্যা ২৫-৩০ জন। | এসএফডিএফ এর প্রধান কার্যালয়ের মনিটরিং অধিশাখা ,আসিটি অধিশাখা এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ । | এসএফডিএফ'র মাসিক অনলাইন প্রতিবেদন | এসএফডিএফ-এর কার্যক্রম ৩৬টি জেলার ১৭৩ টি উপজেলায় ব্যাপৃত। ফাউন্ডেশন এসব উপজেলায় নতুন করে কোন কেন্দ্র গঠন করছে না। তবে কোন উপজেলায় কেন্দ্র বাতিল হলে সেক্ষেত্রে ২/১টি কেন্দ্র গঠন করা হয়ে থাকে। একইভাবে সমিতি গঠনের সাথে সদস্যভূক্তি, আত্মকর্মসংস্থান সৃজিত উপকার ভোগী, ঋণ গ্রহীতা ও আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত নারী সম্পর্কিত বিধায় এ সকল সূচকে অনুরূপভাবে কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে। তবে কোন প্রকল্প গ্রহণ করা হয়ে থাকলে এপিএ'তে প্রকল্পের লক্ষ্যমাত্রা অন্তর্ভূক্ত করা হয়ে থাকে।<br>ফাউন্ডেশন ১টি প্রকল্পের মাধ্যমে ৬০টি নতুন উপজেলায় কার্যক্রম সম্প্রসারণসহ বাস্তবায়ন করেছে। এ প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ তারিখ সমাপ্ত হয়ে গিয়েছে । এ পরিপ্রেক্ষিতে ফাউন্ডেশনের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে কেন্দ্র গঠন, সদস্যভূক্তি, আত্মকর্মসংস্থান সৃজিত উপকার ভোগী, ঋণ গ্রহীতা ও আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত নারী এসকল সূচকে লক্ষ্যমাত্রা ২০১৯-২০ অর্থবছরের চেয়ে কম নির্ধারণ করা হয়েছে। |
| | | ১.১.২ অনানুষ্ঠানিক সমিতির মাধ্যমে সদস্যভূক্তি | বসতভিটা ছাড়া সর্বোচ্চ ০.০৫-২.৪৯ একর চাষযোগ্য জমির সত্ত্বাধিকারী ভূমিহীন, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের ১জন পুরুষ কিংবা নারীকে ফাউন্ডেশনের আওতায় এনে সমিতিভূক্ত করা হয়। | এসএফডিএফ এর প্রধান কার্যালয়ের মনিটরিং অধিশাখা ,আসিটি অধিশাখা এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ । | এসএফডিএফ'র মাসিক অনলাইন প্রতিবেদন | |
| | ১.২ সদস্যদের বিনিয়োগ সক্ষমতা বৃদ্ধি | ১.২.১ বিতরণকৃত ঋণের পরিমাণ | 'সরকারি পর্যায়ে পরিচালিত ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় আবর্তক ঋণ তহবিল ব্যবহারের সমন্বিত নীতিমালা-২০১৬', ফাউন্ডেশনের কার্যনির্দেশিকা ও সময়ে সময়ে জারিকৃত পরিপত্র/অফিস আদেশে প্রদত্ত প্রথাগত ও আইজিএ (আয় বর্ধনমূলক কার্যক্রম) ভিত্তিক ঋণ সহায়তা। | এসএফডিএফ এর প্রধান কার্যালয়ের মনিটরিং অধিশাখা ,আসিটি অধিশাখা এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ । | এসএফডিএফ'র মাসিক অনলাইন প্রতিবেদন | |
| | | ১.২.২ আদায়কৃত ঋণের পরিমান | যথাযথ উপকারভোগী নির্বাচন, চাহিদাভিত্তিক ঋণ সহায়তা এবং কার্যকর পরিবীক্ষণ ও তত্ত্বাবধান কৌশল প্রয়োগের মাধ্যমে বিতরণকৃত ঋণ কেন্দ্র পর্যায়ে উঠান বৈঠকের | এসএফডিএফ এর প্রধান কার্যালয়ের মনিটরিং অধিশাখা ,আসিটি অধিশাখা এবং মাঠ | এসএফডিএফ'র মাসিক অনলাইন প্রতিবেদন | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ,অধিশাখা থইউনিট | প্রমাণকের উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | মাধ্যমে সাপ্তাহিক ভিত্তিতে ঋণ আদায় করা হয়। যা পুনঃ বিতরণ করা হয়। তবে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ মাসিক ভিত্তিতে আদায় করা হয়ে থাকে। | পর্যায়ের কর্মকর্তাগণ । | | |
| | | ১.২.৩ সার্ভিস চার্জ আদায় | সরকারি পর্যায়ে পরিচালিত ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় আবর্তক ঋণ তহবিল ব্যবহারের সমন্বিত নীতিমালা-২০১৬' অনুসরনে বিতরণকৃত ঋণের উপর ১১% সরল সুদে সার্ভিস চার্জ আদায় করা হয়ে থাকে। আদায়কৃত ১১% সার্ভিস চার্জের ১০ভাগ প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের বেতনভাতা ও পরিচালন ব্যয় নির্বাহ করা হয়ে থাকে এবং ১ ভাগ আবর্তক তহবিলের সাথে প্রবৃদ্ধি হিসেবে যুক্ত হয়। | এসএফডিএফ এর প্রধান কার্যালয়ের মনিটরিং অধিশাখা ,আসিটি অধিশাখা এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ । | এসএফডিএফ'র মাসিক অনলাইন প্রতিবেদন | |
| | | ১.২.৪ আদায়যোগ্য ঋণ আদায়ের হার | ফাউন্ডেশনের আওতায় ক্রমপুঞ্জিত আদায়যোগ্য ঋণ আদায়ের হার বুঝানো হয়েছে। অর্থাৎ ফাউন্ডেশনের আওতায় ক্রমপুঞ্জিত ঋণ আদায়ের সাথে খেলাপি ঋণ স্থিতি যোগ করে আদায়যোগ্য নির্ণয় করে তদপ্রেক্ষিতে ঋণ আদায়ের হার নির্ণয় করা হয়েছে। | এসএফডিএফ এর প্রধান কার্যালয়ের মনিটরিং অধিশাখা ,আসিটি অধিশাখা এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ । | এসএফডিএফ'র মাসিক অনলাইন প্রতিবেদন | |
| | | ১.২.৫ খেলাপী ঋণের পরিমান (স্থিতি) | প্রতিবেদনকালে খেলাপী ঋণের স্থিতি প্রদর্শিত হয়েছে | এসএফডিএফ এর প্রধান কার্যালয়ের মনিটরিং অধিশাখা ,আসিটি অধিশাখা এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ । | এসএফডিএফ'র মাসিক অনলাইন প্রতিবেদন | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ,অধিশাখা থিইউনিট | প্রমাণকের উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | ১.৩ অনানুষ্ঠানিক সমিতির সদস্যদের ঋণ সহায়তার মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থান সৃষ্টি | ১.৩.১ আত্ন-কর্মসংস্থান সৃজিত উপকার ভোগীর সংখ্যা | চাহিদাভিত্তিক আয়বর্ধনমূলক কর্মকান্ডে অনানুষ্ঠানিক প্রশিক্ষণোত্তর জামানতবিহীন ক্ষুদ্র ঋণ সহায়তার মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকারী উপকারভোগী। | এসএফডিএফ এর প্রধান কার্যালয়ের মনিটরিং অধিশাখা ,আসিটি অধিশাখা এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ । | অনলাইন তথ্য এবং উপজেলা কার্যালয়ের ম্যানুয়েল প্রতিবেদনের তথ্যের ভিত্তিতে প্রণয়নকৃত প্রতিবেদন । | |
| | | ১.৩.২ ঋণ গ্রহীতা | প্রতিবেদনকালে নতুন সদস্যভূক্তদের মধ্যে ভর্তির ক্রমানুসারে ঋণ গ্রহীতা নির্বাচন করা হয়ে থাকে। | এসএফডিএফ এর প্রধান কার্যালয়ের মনিটরিং অধিশাখা ,আসিটি অধিশাখা এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ । | অনলাইন তথ্য এবং উপজেলা কার্যালয়ের ম্যানুয়েল প্রতিবেদনের তথ্যের ভিত্তিতে প্রণয়নকৃত প্রতিবেদন । | |
| | ১.৪ পল্লীর নারীদের জন্য আয়বর্ধক কর্মসূচি | ১.৪.১ নারীর ক্ষমতায় | নারীদের আয়বর্ধনমূলক কাজে সম্পৃক্ত করার লক্ষ্যে উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে নারীদের অগ্রাধিকার প্রদান করা হয়। | এসএফডিএফ এর প্রধান কার্যালয়ের মনিটরিং অধিশাখা ,আসিটি অধিশাখা এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ । | অনলাইন তথ্য এবং উপজেলা কার্যালয়ের ম্যানুয়েল প্রতিবেদনের তথ্যের ভিত্তিতে প্রণয়নকৃত প্রতিবেদন । | |
| | ১.৫ পল্লীর জনগণের জন্য আয়বর্ধনমূলক কর্মসূচি গ্রহণ | ১.৫.১ আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত পুরুষ | আয়বর্ধনমূলক কাজে সম্পৃক্ত করার লক্ষ্যে উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে টার্গেটভূক্ত প্রতিটি পরিবার থেকে ১জন করে সদস্য নির্বাচন করা হয়ে থাকে। | এসএফডিএফ এর প্রধান কার্যালয়ের মনিটরিং অধিশাখা ,আসিটি অধিশাখা এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ । | এসএফডিএফ’র মাসিক অনলাইন প্রতিবেদন | |
| | ১.৬ ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে মূলধন গঠন | ১.৬.১ মূলধন গঠন | উঠান বৈঠকের মাধ্যমে কেন্দ্রের উপকারভোগীদের নিকট হতে সাপ্তাহিক সঞ্চয় আদায়সহ সদস্যদের ইচ্ছামত ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে গঠিত মূলধন/পুঁজি। | এসএফডিএফ এর প্রধান কার্যালয়ের মনিটরিং অধিশাখা ,আসিটি অধিশাখা এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ । | এসএফডিএফ’র মাসিক অনলাইন প্রতিবেদন | |
| | ১.৭ 'মুজিব বর্ষ' উদযাপন উপলক্ষে কার্যক্রম গ্রহণ | ১.৭.১ উপজেলা পর্যায়ে সদস্য সমাবেশ অনুষ্ঠান | ফাউন্ডেশনের উপজেলা পর্যায়ে সুফলভোগীদেরকে নিয়ে এসব সমাবেশের আয়োজন করা হবে। | “ মুজিব বর্ষ” উদযাপন উপলক্ষে প্রধান কার্যালয়ে গঠিত কমিটি ও এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা | এসএফডিএফ’র আঞ্চলিক ব্যবস্থাপকের প্রতিবেদন | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ,অধিশাখা থিইউনিট | প্রমাণকের উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | ১.৭.২ দারিদ্র্য বিমোচনে/ পল্লী উন্নয়নে বঙ্গাবন্ধুর অবদান বিষয়ে কেন্দ্র পর্যায়ে সুফলভোগীদের প্রশিক্ষণ আয়োজন | এসএফডিএফ এর উপজেলা কার্যালয়ে দারিদ্র্য বিমোচনে/ পল্লী উন্নয়নে বঙ্গাবন্ধুর অবদান বিষয়ে কেন্দ্র পর্যায়ে সুফলভোগীদের প্রশিক্ষণ আয়োজন করা হবে । | মুজিব বর্ষ উদযাপন উপলক্ষে প্রধান কার্যালয়ে গঠিত কমিটি ও এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা | এসএফডিএফ’র আঞ্চলিক ব্যবস্থাপকের প্রতিবেদন | |
| ২ | ২.১ অনানুষ্ঠানিক সমিতির সদস্যদের মধ্যে উব্দুদ্ধকরণ/আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান | ২.১.১ আয়বর্ধনমূলক কার্যক্রমে প্রশিক্ষণ গ্রহণকারী | সুফলভোগীদেরকে যে সকল খাতে ঋণ বিতরণ করা হয় সে সকল খাতের উপর বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। আয়বর্ধনমূলক প্রশিক্ষণের মধ্যে অন্যতম হলো বাড়ির আঙিনায় সবজি চাষ, গবাদি পশু পালন, হাঁস-মুরগী পালন, ব্লক/বাটিক, মৎস্য চাষ, মৌমাছি চাষ, কৃষি কাজে আধুনিক প্রযুক্তি ব্যবহার ইত্যাদি। | এসএফডিএফ এর প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ অধিশাখা | এসএফডিএফ’র প্রধান কার্যালয়ক কর্তৃক এসকল প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকে এবং মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহ করা হয়ে থাকে। | |
| | | ২.১.২ উব্দুদ্ধকরণমূলক প্রশিক্ষণ গ্রহণকারী | ঋণ ও সঞ্চয় কার্যক্রমে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিসহ যৌতক প্রথা, বাল্য বিবাহের কুফল, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, পরিবার কল্যাণ ইত্যাদি সামাজিক সচেতনতামূলক কার্যক্রমে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণে অংশগ্রহণকারী উপকারভোগীদের সংখ্যা | এসএফডিএফ এর প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ অধিশাখা | এসএফডিএফ’র প্রধান কার্যালয়ক কর্তৃক এসকল প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকে এবং মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহ করা হয়ে থাকে। | |
| | ২.২ পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তা, কর্মীদের প্রশিক্ষণ প্রদান | ২.২.১ প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং এনজিও কর্মী | ফাউন্ডেশনের প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ। | এসএফডিএফ এর প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ অধিশাখা | এসএফডিএফ’র প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয় হতে প্রাপ্ত তথ্য | |

**সংযোজনী-৩ :**

## অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| প্রযোজ্য নয় | | | | | |